

মাইক্রোফিন্যান্স রেগুলেটরী অথরিটি (সংশোধন) আইন, ২০২৪ (খসড়া)

(২০২৪ সনের ___ নং আইন)

খসড়া প্রজ্ঞাপন

মাইক্রোফ্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে মাইক্রোফ্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩২ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

- সংক্ষিপ্ত শিরোনাম ও
প্রবর্তন
- ১। (১) এই আইন 'মাইক্রোফিন্যান্স রেগুলেটরী অথরিটি (সংশোধন) আইন, ২০২৪' নামে অভিহিত হইবে।
(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।
- ২০০৬ সনের ৩২ নং
আইনের ধারা ১ এর
সংশোধন
- ২। মাইক্রোফ্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩২ নং আইন), অতঃপর উক্ত আইন
বলিয়া উল্লিখিত, এর ধারা ১ এর উপধারা (১) এর পরিবর্তে নিম্নরূপ উপধারা (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-
“(১) এই আইন মাইক্রোফিন্যান্স রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ নামে অভিহিত হইবে।” এবং অতঃপর
“ক্ষুদ্রঋণ” শব্দ বা শব্দসমূহ “ক্ষুদ্রঅর্থায়ন” শব্দ বা শব্দসমূহ দ্বারা প্রতিস্থাপিত হইবে।
- ২০০৬ সনের ৩২ নং
আইনের ধারা ২ এর
সংশোধন
- ৩। উক্ত আইনের ধারা ২ এর-
(ক) উপধারা (৪) এ উল্লিখিত “এক্সিকিউটিভ” শব্দের পর “ভাইস” শব্দটি বিলুপ্ত হইবে। অতঃপর উক্ত আইনের
সকল স্থানে ব্যবহৃত “এক্সিকিউটিভ ভাইস-চেয়ারম্যান” শব্দগুচ্ছ “এক্সিকিউটিভ চেয়ারম্যান” শব্দগুচ্ছ দ্বারা
প্রতিস্থাপিত হইবে;
(খ) উপধারা (৫) এ উল্লিখিত “মাইক্রোফ্রেডিট রেগুলেটরী অথরিটি” শব্দগুচ্ছের পরিবর্তে “মাইক্রোফিন্যান্স
রেগুলেটরী অথরিটি” শব্দগুচ্ছ প্রতিস্থাপিত হইবে। অতঃপর উক্ত আইনের সকল স্থানে ব্যবহৃত “মাইক্রোফ্রেডিট
রেগুলেটরী অথরিটি” শব্দগুচ্ছ “মাইক্রোফিন্যান্স রেগুলেটরী অথরিটি” শব্দগুচ্ছ দ্বারা প্রতিস্থাপিত হইবে; এবং
(গ) উপধারা (২১) এর দফা (ঘ) বিলুপ্ত হইবে।
- ২০০৬ সনের ৩২ নং
আইনের ধারা ১০ এর
সংশোধন
- ৪। উক্ত আইনের ধারা ১০ এর উপধারা (১) ও (২) এর পরিবর্তে নিম্নরূপ উপধারা (১) ও (২) প্রতিস্থাপিত হইবে,
যথা:-
“(১) কর্তৃপক্ষের একজন এক্সিকিউটিভ চেয়ারম্যান থাকিবেন, যিনি সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহার
সরকারি প্রতিষ্ঠানে প্রশাসনিক ও নির্বাহী কাজের অভিজ্ঞতাসহ অন্যান্য ২৫ (পঁচিশ) বৎসর চাকুরীর অভিজ্ঞতা
থাকিতে হইবে।
(২) এক্সিকিউটিভ চেয়ারম্যানের চাকুরীর মেয়াদ, শর্তাবলী ও পদমর্যাদা সরকার কর্তৃক নির্ধারিত হইবে।”

মোঃ ফসিউল্লাহ
এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান
মাইক্রোফ্রেডিট রেগুলেটরী অথরিটি
মগবাজার, ঢাকা।

২০০৬ সনের ৩২ নং
আইনের ধারা ২৭ এর
সংশোধন

৫। উক্ত আইনের ধারা ২৭ এর উপধারা (২) এ উল্লিখিত “পর্ষদের সচিব হিসাবে” শব্দগুচ্ছ “পর্ষদে সাচিবিক” শব্দগুচ্ছ দ্বারা প্রতিস্থাপিত হইবে।

২০০৬ সনের ৩২ নং
আইনের ধারা ২৮ এর
সংশোধন

৬। উক্ত আইনের ধারা ২৮ এর-


(ক) উপধারা (১) এ উল্লিখিত “হইয়াছেন” শব্দটি “হইয়াছেন” শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে এবং “পরিচালনা পর্ষদের” শব্দগুচ্ছের পূর্বে “সাধারণ পর্ষদের বা” শব্দগুচ্ছ সংযোজিত হইবে; এবং

(খ) উপধারা (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপধারা (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কর্মকর্তা একই সময়ে অন্য কোন প্রতিষ্ঠান বা ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে বেতনভোগী কর্মকর্তা থাকিতে পারিবেন না।”।

২০০৬ সনের ৩২ নং
আইনের ধারা ৩৭ এর
সংশোধন

৭। উক্ত আইনের ধারা ৩৭ এর উপধারা (৭) এ উল্লিখিত “জমা” শব্দের পর “না” শব্দ সংযোজিত হইবে।


২৩/৭/২০১৪
মোঃ ফজিউল্লাহ
এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান
মাইক্রোক্রেডিট রেশনালিটী অথরিটি
মসবাজার, ঢাকা।